

২০১৬

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যচর্চার পরিচয় দিয়ে, তাঁর গদ্যশৈলীর বৈশিষ্ট্য বিচার করো ।

(খ) 'গীতিকাব্য' প্রবন্ধ অনুসরণে গীতিকাব্য বিষয়ে বঙ্কিমচন্দ্রের ধারণা ব্যক্ত করো ।

(গ) 'শকুন্তলা' প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের সাহিত্য-সমালোচনার বৈশিষ্ট্যগুলি লেখো ।

- ( ঘ ) 'সাধুভাষা বনাম চলিতভাষা' প্রবন্ধে প্রকাশিত প্রমথ চৌধুরীর বক্তব্য বিশ্লেষণ করে দেখাও ।
- ( ঙ ) বিবেকানন্দের 'সমাজতন্ত্র' প্রবন্ধ অবলম্বনে তাঁর সমাজতন্ত্র সম্পর্কে ধারণার পরিচয় দাও ।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮ × ৫

- ( ক ) প্যারীচাঁদ মিত্রের গদ্যশৈলীর বৈশিষ্ট্যগুলি লেখো ।
- ( খ ) বঙ্কিমচন্দ্রের 'ভারতবর্ষের স্বাধীনতা পরাধীনতা' প্রবন্ধটির প্রাসঙ্গিকতা সেকালের প্রেক্ষিতে বিচার করো ।
- ( গ ) 'কাদম্বরী' প্রবন্ধে রবীন্দ্রনাথ বাণভট্টের প্রতিভার যে পরিচয় তুলে ধরেছেন তা বিশ্লেষণ করো ।
- ( ঘ ) 'সাহিত্যে সমস্যা' প্রবন্ধ অনুসরণে কাজী আবদুল ওদুদের সাহিত্য সমালোচনার বৈশিষ্ট্যগুলি লেখো ।
- ( ঙ ) 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বইপড়া, সাহিত্যচর্চা ও গ্রন্থাগার বিষয়ে যে মতগুলি উল্লেখ করেছেন, তা লেখো ।
- ( চ ) মহাভারত যে রামায়ণের অনুকরণ, এ প্রসঙ্গে বঙ্কিমচন্দ্রের যুক্তিগুলি লেখো ।

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৫

- (ক) রামমোহন রায়ের লেখা ব্যাকরণ গ্রন্থটির নাম প্রকাশ-  
কালসহ লেখো । তাঁর লেখা আরো দুটি গ্রন্থের নাম ও  
প্রকাশকাল দাও । ২ + ২
- (খ) বঙ্কিমচন্দ্রের দুটি ঐতিহাসিক উপন্যাস ও দুটি সামাজিক  
উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো । ২ + ২
- (গ) দৃষ্টান্তসহ প্রথম চৌধুরীর গদ্যশৈলীর দুটি বৈশিষ্ট্য লেখো ।  
২ + ২
- (ঘ) ‘মেঘদূত’ প্রবন্ধে ‘উদয়ণ এবং বাসবদত্তার গল্প’-এর  
প্রসঙ্গ আছে । গল্পটি লেখো । ‘মেঘদূত’ কাব্যে কোথায়,  
কীভাবে এর উল্লেখ করা হয়েছে তা বলো । ২ + ২
- (ঙ) ‘ক্লাইভ স্টিটে চাঁদ’ প্রবন্ধে বুদ্ধদেব বসু ‘স্বর্ণষণ্ডের পূজা’  
বলতে কী বুঝিয়েছেন ? ‘স্বর্ণষণ্ড’ শব্দটি কোন ইংরেজি  
পদবন্ধের অনুবাদ ? ইংরেজি পদবন্ধটির তাৎপর্য  
লেখো । ১ + ১ + ২
- (চ) ‘ভারতচন্দ্র’ প্রবন্ধটি কোন সভায় পঠিত হয়েছিল ? কোন  
প্রকাশকের প্রস্তাবনা থেকে লেখক ভারতচন্দ্রের জীবনী  
সংগ্রহ করেছিলেন ? ৪

